

Model Activity task 2021(August)

Class-10 | Geography |(Part-5)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | আগস্ট

দশম শ্রেণী | ভূগোল | (পার্ট -৫)

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ যে জলবায়ুতে ঋতু পরিবর্তন হয় না সেটি হলো -

ক) ভূমধ্যসাগরীয় জলবায়ু

খ) সাভানা জলবায়ু

গ) মৌসুমী জলবায়ু

ঘ) নিরক্ষীয় জলবায়ু

১.২ ঠিক জোড়াটি নির্বাচন করো -

ক) চাঁদ, সূর্য ও পৃথিবীর কেন্দ্রের একই সরলরেখায় অবস্থান - মরা কোটাল

খ) পৃথিবীর সাপেক্ষে চাঁদ ও সূর্যের সমকোণে অবস্থান - মরা কোটাল।

গ) চাঁদ ও পৃথিবীর মধ্যে সর্বাধিক দূরত্ব - পেরিজি

ঘ) চাঁদ ও পৃথিবীর মধ্যে সর্বনিম্ন দূরত্ব - অ্যাপোজি

১.৩ অতিবিরল জনঘনত্বযুক্ত একটি রাজ্য হলো -

ক) পশ্চিমবঙ্গ

খ) গোয়া

গ) উত্তরপ্রদেশ

ঘ) সিকিম

২. স্তম্ভ মেলাও :

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.১ বিশুদ্ধ কাঁচামাল	(খ) তুলো
২.২ ত্রাস্ত্রীয় ঘূর্ণবাত	(গ) ইয়াস
২.৩ পেরু স্রোত	(ক) আটাকামা মরুভূমি

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ জোয়ার-ভাটার সৃষ্টিতে কেন্দ্র বহিমুখী বলের প্রভাব উল্লেখ করো।

উঃ পৃথিবীর আবর্তনের প্রভাবে যে কেন্দ্রবিমুখ বলের সৃষ্টি হয় তা হলো কেন্দ্র বর্ষিমুখী বল। এই বলের প্রভাবে সমুদ্রের জল বাইরের দিকে নিষ্ক্ষিপ্ত হওয়ার প্রবণতা লাভ করে এবং এটি মহাকর্ষ বলের বিপরীতে কাজ করে। অতএব চাঁদের আকর্ষণে পৃথিবীর যে অংশে জোয়ার হয় ঠিক তার প্রতিপাদ অংশে চাঁদের মহাকর্ষ শক্তি অপেক্ষা কেন্দ্র বর্ষিমুখী বল অধিক হওয়ায় সেখানেও সমুদ্রের জল ফুলে ফুলে ওঠে। এটি হলো গৌণ বা পরোক্ষ জোয়ার। এই জোয়ারে জল কম ফুলে ওঠে।

৩.২ নিম্নলিখিত বিষয়ের ভিত্তিতে ঘূর্ণবাত ও প্রতীপ ঘূর্ণবাতের মধ্যে পার্থক্য নিরূপণ করো।

(ক) বায়ুর চাপ

(খ) স্থায়িত্ব

(গ) আবহাওয়ার প্রকৃতি

বিষয়	ঘূর্ণবাত	প্রতীপ ঘূর্ণবাত
(ক) বায়ুর চাপ	ঘূর্ণবাতের কেন্দ্রে নিম্নচাপ বিরাজ করে।	প্রতীপ ঘূর্ণবাতের কেন্দ্রে উচ্চচাপ ও বাইরে নিম্নচাপ বিরাজ করে।
(খ) স্থায়িত্ব	ঘূর্ণবাত স্বল্পস্থায়ী	প্রতীপ ঘূর্ণবাত দীর্ঘস্থায়ী।
(গ) আবহাওয়ার প্রকৃতি	আবহাওয়ার ঘূর্ণবাতের সময় আকাশ মেঘাচ্ছন্ন থাকে অতিপ্রবল ঝড়সহ বজ্র পাত ও বৃষ্টিপাত হয়।	এই সময়ে আকাশ মেঘমুক্ত প্রকৃতি থাকে এবং আকাশ মেঘমুক্ত এবং শান্ত আবহাওয়া বিরাজ করে।

৪. ভারতের কোন অঞ্চলে অধিকাংশ কফি উৎপাদন করা হয়? এই বাগিচা ফসল চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দাও।

উঃ- ভারতের অধিকাংশ কফি উৎপাদন করা হয় কর্ণাটক (প্রথম), কেরল (দ্বিতীয়), ও তামিলনাড়ু (তৃতীয়) অঞ্চলে।

কফি চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশ:-

(a) জলবায়ু:- কফি উষ্ণ ও আর্দ্র ক্রান্তীয় জলবায়ুর ফসল।

(i) উষ্ণতা:- উচ্চভূমিতে ১৪° -২৬° সে. এবং নিম্নভূমিতে ২০- ৩০° সে. উষ্ণতা প্রয়োজন।

(ii) বৃষ্টিপাত:- গড়ে ১০০-১৫০ সেমি।

(ii) **আর্দ্রতা:-** উষ্ণ ও আর্দ্র অবস্থা।

(b) **ছায়া দানকারী বৃক্ষ:-** সরাসরি সূর্যকিরণ কফি গাছের ক্ষতি করে বলে, কফি খেতে কলা, ভুট্টা প্রভৃতি ছায়া প্রদানকারী গাছ লাগানো হয়।

(c) **মাটি:-** মৃদু অম্লধর্মী পটাশ ও হিউমাস সমৃদ্ধ মাটি কফি চাষের আদর্শ। ভারতে লাল দোআশ ও লাভজাত মাটিতে হয়।

(d) **জমি:-** জলনিকাশের সুবিধাযুক্ত পাহাড়ের ঢাল জমি কফি চাষের পক্ষে আদর্শ।

(e) **কুয়াশা:-** কফি গাছের বৃদ্ধিতে কুয়াশা সহায়তা করে।